দৈনিক সংবাদ

তারিখ APR. 6 1999
পৃষ্ঠা ১২ কলাম ৩

58

স্থানীয় সরকার

# বুয়েট ঃ স্থাপত্য শিক্ষার্থীদের আজ অনশন শুরু

(নিজস্ব বার্তা পরিবেশক)

চ্যান্সেলরের সঙ্গে সমঝোতার পরিপ্রেক্ষিতে ৫ দফা সিদ্ধান্তের অবিলম্বে বাস্তবায়নের দাবিতে আজ মঙ্গলবার থেকে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য বিভাগের ছাত্রছাত্রীরা আমরণ অনশন শুরু করছে। গতকাল বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য ভবনে আয়োজিত ছাত্রছাত্রীদের এক সমাবেশে এ ঘোষণা দেয়া হয়।

দাবি-দাওয়া আদায়ের লক্ষ্যে স্থাপত্য বিভাগের শিক্ষার্থীরা গত রোববার থেকে অবিরাম ক্লাস বর্জন শুরু করেছে।

গতকালের সমাবেশের ঘোষণায় বলা হয়, স্থাপত্য বিভাগকে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অধীনে একাডেমিক স্বায়ত্তশাসন প্রদান ও বিভাগের সকল বিষয়ের পাঠ্যসূচি, ভর্তি পরীক্ষা, কোর্স পরীক্ষাসহ সকল একাডেমিক কার্যক্রম স্থাপত্য বিভাগের শিক্ষকদের মতানুসারে পরিচালিত হতে হবে।